গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ০৫.৫৫.৮৫০৩.০০০.০০০.০২.০০৩৯.২৫. ৬৯৭ তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রিঃ

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিত করণ সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজ কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচি "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগষ্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সেই লক্ষ্যে বদরগঞ্জ উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) নুন্যতম এইচ এসসি বা সমমান পাস<br>খ) বয়স ১৮-৪০<br>গ) ট্যাবলেট স্মার্টফোন ব্যাবহারিক পরীক্ষা ৭০%+ নাম্বার<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সর্ম্পকে ভাল জ্ঞান থাকতে হবে।<br>ঙ) বাংলায় সাবলীল ভাবে পড়তে লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিক ভাবে সক্ষম ও মাঠে কাজ করতে আগ্রহী । | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্বডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ)সরকারি/আধা-সরকারী সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যাবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক)শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ক্র নং | পদের ধরণ | আবেদনে বাধ্যতামূলক যোগ্যতা | দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব ঃ | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) নূন্যতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স ২৫-৪৫<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় ৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সর্ম্পকে বিস্তারিত জ্ঞান।<br>ঙ) দল নেতৃত্বে মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা । | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিক ভাবে পরিদর্শন করতে হবে।<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ ডেটা লিঙ্ক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারী মামলায় দোষী সাব্যস্ত<br>খ)সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যাবহারিক পরীক্ষায় ৭০% এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) শিক্ষা যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

[বিঃ দ্রঃ অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।]

আবেদন ফরম প্রাপ্তির স্থানঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ ,বদরগঞ্জ, রংপুর।

আবেদন ফরম দাখিলের স্থানঃ উপজেলা সমাজসেবা কার্যালয়, বদরগঞ্জ, রংপুর।

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যাবহারিক পরীক্ষার সময়সূচিঃ**

| ক্র নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলে তারিখ ও সময় | ব্যাবহারিক পরিক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৩/০৭/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রিঃ হতে ২৩/০৭/২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা |

CamScanner

## শর্তাবলী

১। তথ্য সংগ্রহকারীগণ শুমারি চলাকালীন বাড়িতে বাড়িতে গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন নূন্যতম ৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩। তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে ।
৪। তথ্য সংগ্রহের কাজে গাফিলতি করা যাবে না।
৫। কোন ক্রমেই ভুল তথ্য এন্ট্রি করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরুপে রক্ষা করা বাধ্যতামূলক।
৭। ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য ।
৮। কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানি বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হইবে।

২১/০৭/২০২৬

(আঞ্জুমান সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ৪১.০১.৮৫০৩.০০০.০০০.১৬.০২৩১.২৬.১৯৭ তারিখঃ ২১/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও বহাল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।
১। মাননীয় সংসদ সদস্য, রংপুর-০২ (বদরগঞ্জ-তারাগঞ্জ)।
২। জেলা প্রশাসক রংপুর।
৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৫। প্রশাসক, বদরগঞ্জ পৌরসভা, বদরগঞ্জ, রংপুর।
৬। সহকারি কমিশনার ভূমি, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিসার ইনচার্জ, বদরগঞ্জ থানা, বদরগঞ্জ, রংপুর।
৮। সদস্য ...................................... ফ্যামিলি কার্ড শুমারী তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি,বদরগঞ্জ,রংপুর
৯। সদস্য ........................................ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি, বদরগঞ্জ,রংপুর।
১০। উপজেলা/ ................................ কর্মকর্তা, বদরগঞ্জ,রংপুর।
১১। চেয়ারম্যান/প্রশাসক ......................................... ইউপি (সকল) বদরগঞ্জ,রংপুর।
১২। জনাব, ..................................... বদরগঞ্জ,রংপুর।
১৩। অফিস কপি।

২২/৭/২৫

(মোঃ শরিফুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
বদরগঞ্জ, রংপুর।

CamScanner